গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
প্রধানশিক্ষকেরকার্যালয়
নাটোরসরকারিবালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।
ডাকঘর ও উপজেলা ঃ নাটোরসদর, জেলা ঃ নাটোর
বিদ্যালয় কোড ঃ ২০১১
EIIN : 124139
ফোন ঃ ০৭৭১-৬৬৬৩০
Email :ngghs.head@gmail.com ,web: ngghsnatore.edu.bd, Skype: headngghs

# ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

## ২৮-১১-২০২৩ খ্রিঃ

২০২৪ শিক্ষা বর্ষে নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম , ৮ম ও ৯ম শ্রেণিতে যে সকল শিক্ষার্থী ডিজিটাল লটারির মাধ্যমে বিদ্যালয়ে ভর্তি হবার জন্য নির্বাচিত হয়েছেন তাদেরকে আন্তরিকভাবে স্বাগতম ।

নির্বাচিত ছাত্রীদের এবং তাদের অভিভাবকবৃন্দকে বিশেষভাবে অবগত করান যাচ্ছে যে,ভর্তি হবার জন্য আপনাকে যা করতে হবে তা নিম্নরুপঃ-

১. **লটারিতে ভর্তি হবার জন্য যে আবেদন করেছিলেন সেই আবেদন কপি এবং ফলাফল প্রকাশের (কম্পিউটার হতে ডাউনলোড কৃত) কপি দেখিয়ে অফিস হতে দুটি ফরম ( পিডিএস এবং তথ্য ফরম) সংগ্রহ করবেন। উল্লেখ্য থাকে যে ,ফরম দুটি আগামী ২৯-১১-২০২৩ তারিখ অপরাহ্ন হতে এবং ৩০-১১-২০২৩ খ্রিঃতারিখ হতে ০৫-১২-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ( সকাল ১০ টা হতে ১ ঘটিকা) অফিস হতে সরবরাহ করা হবে। ফরম দুটো যথাযথভাবে পূরন করে ফরমের সাথে নিম্নেউল্লেখিত কাগজ পত্রাদি জমা দিতে হবে।**

ক) ভর্তির আবেদন কপি
খ) ছাত্রীর জন্ম নিবন্ধন ( ডিজিটাল) সনদ।
গ) ফলাফল প্রকাশের (কম্পিউটার হতে ডাউনলোড কৃত) কপি
ঘ) পূর্ববর্তী বিদ্যালয়ের টি সি ( ছাড়পত্র)
ঙ) পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। পিতা মাতার অনুপস্থিতিতে মনোনীত অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
চ) ভর্তি হবার সময় প্রথমত আবেদনকৃত ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছিল সেই ছবির এক কপি ছবি আপাতত জমা দিতে হবে।
ছ) কাগজপত্র যাচাই হবার পর সঠিক প্রমানিত হলে ছাত্রীকে ভর্তি করা হবে। অন্যথায় ডিজিটাল লটারিতে ভর্তির নির্বাচন বাতিল বলে গন্য হবে ।
জ)কোটায় আবেদনকারী ছাত্রীদের কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন/সনদ সমূহের সত্যায়িত ফটোকপি ।
ঝ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী গণ পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক প্রত্যায়ন জমা দিতে হবে এবং ২০২৩ সালের সমন্বিত তালিকাসহ অনলাইন সার্টিফিকেট কপি জমা দিতে হবে। উল্লেখ্য এসমস্ত কাগজপত্রাদী যাচাই বাছাই অন্তে যথার্থ প্রমান হলেই পরবর্তীতে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ এর ফটোকপি জমা দিতে হবে ।

**বিঃ দ্রঃ**

**মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা মহোদয়ের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১ (অংশ-২)৩৫৪৫ তারিখ ২৮-১১-২০২৩ খ্রিঃ এর ডিজিটাল লটারি পরবর্তী কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা দেখার জন্য অনুরোধ করা হলো ।**

প্রধান শিক্ষক
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৬৫৪৫ তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি.

**বিষয়: সারাদেশের সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারি পরবর্তী ভর্তি কার্যক্রম সংক্রান্ত।**

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২৪২; তারিখ: ০৫ নভেম্বর ২০২৩
২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২৩৩; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.
৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৪; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে এন্ট্রি শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শূন্য আসনের বিপরীতে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ২৮/১১/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল লটারি অনুষ্ঠান পরবর্তী নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল সিট (অপেক্ষমাণ তালিকাসহ) ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। ফলাফল সিটের প্রথম তালিকা অনুযায়ী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে, ১ম অপেক্ষমান তালিকা থেকে ক্রমিক নম্বর অনুসারে ০৪ (চার) কর্মদিবস এবং ২য় অপেক্ষমান তালিকা থেকে ক্রমিক নম্বর অনুসারে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণের সময় নিম্নোক্ত বিষয়গুলো আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

১) ২০২৪ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় ডিজিটাল লটারির আওতাভুক্ত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ https://gsa.teletalk.com.bd লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠানের User ID ও Password দিয়ে Login করে ডাউনলোড অপশনটি Click করার পর তাঁর প্রতিষ্ঠানে আবেদনকারিদের তালিকা পেয়ে যাবেন। ডিজিটাল লটারিতে তাঁর প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত ১ম তালিকা এবং ১ম অপেক্ষমান তালিকার শিক্ষার্থীদের আবেদন সংক্রান্ত তথ্য এই লিংক থেকে যাচাই করতে পারবেন। লিংকে তথ্যাদি টাইপ করে Submit করলে আবেদনকারী কতবার আবেদন করেছে তা জানা যাবে। এক্ষেত্রে কোন আবেদনকারী তথ্য পরিবর্তন করে একাধিকবার আবেদন করে থাকলে ডিজিটাল লটারিতে তার ভর্তির নির্বাচন বাতিল বলে গণ্য হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান তাঁদের ওয়েবসাইটে এবং শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে নির্বাচিতদের তালিকা প্রদর্শন করবেন;
২) ভর্তিকালীন নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হবে;
৩) নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র যাচাইকালীন শিক্ষার্থীর জন্ম সনদের মূল কপি, জন্ম সনদের অনলাইন কপি (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে যাচাই করতে হবে), পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি ভালো করে দেখতে হবে;
৪) মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে কোন শিক্ষার্থী নির্বাচিত হয়ে থাকলে (যাচাই সাপেক্ষে) তাকে ভর্তি করা যাবে না;
৫) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালায় যে সকল কোটা সংরক্ষিত রয়েছে ভর্তির সময়ে উক্ত কোটাসমূহে নির্বাচিত শিক্ষার্থীদের কোটা সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে যাচাই করতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটা ব্যতিত অন্যান্য কোটায় শূন্য আসন পূরণ না হলে সাধারণ নির্বাচিত শিক্ষার্থীদের মধ্য থেকে অপেক্ষমান তালিকার ক্রমানুসারে উক্ত শূন্য আসন পূরণ করতে হবে। কোনভাবেই আসন শূন্য রাখা যাবে না;
৬) সর্বোপরি, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
৭) উপরোল্লিখিত নির্দেশনা অনুসরণ না করে বিধিবহির্ভূতভাবে কোন শিক্ষার্থী ভর্তি করা হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮.১১.২০২৩
**(মোহাম্মদ আজিজ উদ্দিন)**
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য সচিব
ঢাকা মহানগরী ভর্তি কমিটি
☎ ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd

**বিতরণ:**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভূক্ত প্রতিষ্ঠানসমূহ)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভূক্ত প্রতিষ্ঠানসমূহ)

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**
১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)
২। জেলা প্রশাসক (সকল);
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];